গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

নম্বর: ২৬.০৪.০০০০.১১১.১৭.১০৪.২১.১৩০৩ তারিখ: ১৯ অক্টোবর ২০২১

# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি
## বিভিন্ন অপরাধে ১২২টি প্রতিষ্ঠানকে ৭.০২ লক্ষ টাকা জরিমানা

**১৮ অক্টোবর ২০২১ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪৭ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নারায়ণগঞ্জ, চাঁদপুর, কক্সবাজার, নোয়াখালী, পটুয়াখালী, বরিশাল, পিরোজপুর, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, মাগুরা, বাগেরহাট, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, খুলনা, যশোর, রংপুর, পঞ্চগড়, নওগাঁ, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, ঠাকুরগাঁও, রাজশাহী, নাটোর, বগুড়া ও চাঁপাইনবাবগঞ্জ-এ বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়।

প্রধান কার্যালয়ের উপপরিচালক জনাব বিকাশ চন্দ্র দাস, সহকারী পরিচালক জনাব প্রনব কুমার প্রামানিক, ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব মোঃ মাগফুর রহমান এবং ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক মিরপুর, কাপ্তান বাজার ও শাহআলী কাঁচাবাজার এলাকায় তদারকি কার্যক্রম পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে 'নিউ আমানিয়া স্টোর', 'আলিফ হমিও ফার্মেসী' কে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে 'নোয়াখালী স্টোর' কে ৫০০/- (পাঁচশত) টাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রির অপরাধে 'মিরপুর ফার্মা শপিং কমপ্লেক্স', 'মিরপুর ফার্মা', 'মা ফার্মা' কে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা করা হয়। অর্থাৎ গত ১৮ অক্টোবর ২০২১ তারিখে মোট **৮১,৫০০/- (একাশি হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **৪২** বাজার তদারকি কার্যক্রমের মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্যকলাপ, ওজনে কারচুপি, সেবা প্রদানে অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো এবং মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **১১১টি** প্রতিষ্ঠানকে **৬,০১,৫০০/- (ছয় লক্ষ এক হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ওজনে কারচুপি ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রির অপরাধে **৫টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৫ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,৭৫০/- (চার হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

গত ১৮ অক্টোবর ২০২১ তারিখে সর্বমোট **৪৭টি** বাজার তদারকি কার্যক্রম পরিচালনা ও **৫টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১২২টি** প্রতিষ্ঠানকে মোট **৭,০২,০০০/- (সাত লক্ষ দুই হাজার)** টাকা জরিমানা আরোপ করা হয়। আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, স্বাস্থ্য বিভাগ, কৃষি বিভাগ, মৎস্য বিভাগ, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) সহ সংশ্লিষ্ট শিল্প বণিক সমিতির প্রতিনিধিবৃন্দ অধিদপ্তর পরিচালিত বাজার অভিযানে সহযোগিতা প্রদান করেন। বাজার অভিযান/তদারকিকালে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ভোক্তা এবং ব্যবসায়ীবৃন্দের মধ্যে লিফলেট, প্যাম্ফলেট বিতরণসহ হ্যান্ডমাইকে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পরামর্শ দেয়া হয়।

এছাড়াও জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন অনুযায়ী ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে ভোক্তা-অধিকার সংরক্ষণ নিশ্চিতকরণসহ স্থিতিশীল বাজার ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন।

স্বাক্ষরিত/-
(তাহমিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোন: ০২-৮১৮৯৪১১
ই-মেইল: ad-operation@dncrp.gov.bd

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/সময় টিভি/চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/এশিয়া টিভি/মাইটিভি/বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/দৈনিক মানবজমিন/দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক সংগ্রাম/দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/দৈনিক আমাদের অর্থনীতি/দৈনিক বণিক বার্তা/দৈনিক আমার কাগজ/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): নোটিশ বোর্ডে প্রদর্শন/তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে প্রচারের অনুরোধসহ

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।